মধ্যবিত্তের হেঁসেলে আগুন
ভর্তুকি উঠছে রান্নার গ্যাসে

২০১৮-র মার্চের মধ্যে সব ভর্তুকিশূন্য হবে রান্নার গ্যাস।

আজ থেকে এবার কমল সেভিংসের সুদও। সুদ কমতে পারে স্বল্প সঞ্চয়েও।

নয়াদিল্লি, ৩১ জুলাই : মধ্যবিত্তের মাথায় একই সঙ্গে প্রায় পড়ল দুই কোপ। রান্নার গ্যাসে ভর্তুকি বন্ধের সিদ্ধান্ত জানিয়েছে কেন্দ্রীয় সরকার। সোমবার লোকসভায় কেন্দ্রীয় পেট্রোলিয়ামমন্ত্রী ধর্মেন্দ্র প্রধান জানান, আগামী বছর অর্থাৎ ২০১৮ সালে মার্চ মাসের মধ্যে সব ভর্তুকি তুলে দেওয়াই কেন্দ্রীয় সরকারের লক্ষ্য। অর্থাৎ মার্চের মধ্যে ভর্তুকিশূন্য হবে রান্নার গ্যাস। উল্লেখ্য, দেশে ১৮ কোটি ১১ লক্ষ মানুষ রান্নার গ্যাসে ভর্তুকি পান। ইতিমধ্যেই কেন্দ্রীয় সরকার রাষ্ট্রায়ত্ত তেল কোম্পানিগুলিতে তাদের সিদ্ধান্তের কথা জানিয়ে দিয়েছে।

প্রসঙ্গত, একই সঙ্গে প্রতি মাসে সিলিন্ডারে চার টাকা করে বাড়বে ভর্তুকিযুক্ত রান্নার গ্যাসের দাম। কেন্দ্রীয় পেট্রোলিয়ামমন্ত্রী এ কথাও ঘোষণা করেছেন। উল্লেখ্য, এর আগে গত বছরের ১ জুলাই রাষ্ট্রায়ত্ত তেল সংস্থাগুলিকে প্রতি মাসে রান্নার গ্যাসের দাম সিলিন্ডার পিছু দু'টাকা করে বাড়াতে বলেছিল কেন্দ্রীয় সরকার। তারপর থেকে ১০ বার রান্নার গ্যাসের দাম বেড়েছে। এবার ভর্তুকি পুরোপুরি তুলে দেওয়ার লক্ষ্যে প্রতি মাসে চার টাকা করে দাম বাড়ানোর সিদ্ধান্ত হল বলে লোকসভায় লিখিত জবাবে জানিয়েছেন পেট্রোলিয়ামমন্ত্রী। তিনি বলেছেন, গত ৩০ মে রান্নার গ্যাসের দাম প্রতি মাসে চার টাকা করে বাড়ানোর নির্দেশ দেওয়া হয়েছে। ভর্তুকি উঠে যাওয়া না পর্যন্ত দাম বাড়ানো চলবে। ২০১৭ সালের ১ জুন থেকে রান্নার গ্যাস সংক্রান্ত নির্দেশ কার্যকর হবে। প্রসঙ্গত, এতদিন এক-একটি পরিবার ১২টি করে ভর্তুকিযুক্ত রান্নার গ্যাসের সিলিন্ডার পায়। এর বেশি হলে কিনতে হত বাজার থেকে। এবার সবই উঠে যাচ্ছে। রান্নার গ্যাস থেকে ভর্তুকি তুলে নেওয়ার কেন্দ্রীয় সরকারের এই সিদ্ধান্তে দেশজুড়ে সাধারণ মানুষের মধ্যে তীব্র প্রতিক্রিয়া সৃষ্টি হয়েছে। আবার পাল্টা মতামতও রয়েছে। কোনও কোনও মহল থেকে বলা হচ্ছে, সমাজের ওপরতলার কথা ভাবছে সরকার। কেন্দ্রের এই সিদ্ধান্তের ফলে সমস্যায় পড়বেন মধ্যবিত্তরা। অন্যদিকে, কোনও কোনও শিল্পপতি বলেছেন, ভর্তুকি দিয়ে কোনও সরকার চলতে পারে না। কিন্তু রান্নার গ্যাসের ভর্তুকি তোলা নিয়ে সারা রাজ্যে মহিলাদের মধ্যে তুমুল ক্ষোভ দেখা দিয়েছে।

এদিকে একই দিনে ব্যাঙ্কের গ্রাহকদের কাছেও দুঃসংবাদ এসেছে। মুদ্রাস্ফীতির হার কমায় এবং সুদের হার বাস্তবে বেশি থাকায় সেভিংস ব্যাঙ্ক অ্যাকাউন্টে সুদের হার কমাল স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া। সেভিংস অ্যাকাউন্টে ১ কোটি টাকার কম থাকলে সুদের হার করা হচ্ছে ৩.৫ শতাংশ। আগে যেখানে এই হার ছিল ৪ শতাংশ। তবে দেশের সর্ববৃহৎ ব্যাঙ্ক জানিয়েছে, সেভিংস অ্যাকাউন্টে ১ কোটি টাকার বেশি ডিপোজিট থাকলে সেক্ষেত্রে ৪ শতাংশ সুদ পাওয়া যাবে। জানা যায়, সেভিংসে সুদের হার কমছে ০.৫ শতাংশ। গ্রাহকদের আশঙ্কা, স্টেট ব্যাঙ্কের দেখাদেখি অন্য ব্যাঙ্কও সেভিংসে সুদের হার কমিয়ে দেবে। স্টেট ব্যাঙ্কের বক্তব্য, নোট বাতিলের পর সেভিংস ও কারেন্ট অ্যাকাউন্ট থেকে প্রচুর জমা টাকা বেরিয়েছে। তার জন্য এবার সেভিংস অ্যাকাউন্টে সুদের হার কমানো হল যাতে তহবিলের ওপর প্রান্তিক খরচের সমতা থাকে।

ট্যুইটবার্তা

সাধারণ মানুষের কথা ভেবে আমি সত্যিই খুব উদ্বিগ্ন। এর আগে রান্নার গ্যাসের ওপর ভর্তুকি তুলে দেওয়া হয়েছিল, আবার ভর্তুকি তোলা হল। বিজেপি টাকার কথা ভাবে। সাধারণ মানুষের কথা ভাবে না। কেন বিজেপির কোনও সামাজিক দায়বদ্ধতা নেই? কীভাবে তারা সমাজের প্রতি দায়বদ্ধতা পালন করবে এবং সমাজের প্রতি তাদের প্রতিশ্রুতিই বা কী? বিজেপি সাধারণ মানুষকে অনেক প্রতিশ্রুতি দেয়, তার পর সেখান থেকে সরে আসে।

মমতা বন্দ্যোপাধ্যায়
মুখ্যমন্ত্রী, পশ্চিমবঙ্গ

মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় তিনদিনের উত্তরবঙ্গ সফরে সোমবার সন্ধ্যায় শিলিগুড়ি এসে পৌঁছন। মুখ্যমন্ত্রীকে স্বাগত জানান তৃণমূলের জেলা নেতৃত্ব। সেখান থেকে মুখ্যমন্ত্রী সড়কপথে সোজা চলে আসেন শিলিগুড়ির উত্তরকন্যায়। রাতে ওখানে থাকবেন। মঙ্গলবার মুখ্যমন্ত্রী উত্তর দিনাজপুর জেলার চোপড়া ব্লকের কলাগজ ময়দানে সরকারি অনুষ্ঠানে যোগ দেবেন। তারপর হবে প্রশাসনিক বৈঠক। পরে চলে আসবেন আবার উত্তরকন্যায়।

স ং ক্ষে পে

মনোনয়ন বাতিল বিকাশের

স্টাফ রিপোর্টার : গত তিনদিন ধরে টানাপোড়েনের পর রাজ্যসভার বামপ্রার্থী বিকাশ রঞ্জন ভট্টাচার্য'র মনোনয়ন বাতিল হয়। ফলে এ রাজ্যের কংগ্রেস প্রার্থী প্রদীপ ভট্টাচার্য'র মনোনয়ন একরকম পাকা।



শুক্রবার মনোনয়ন দাখিলের সময় অতিরিক্ত হলফনামা দিতে প্রার্থী বিকাশ রঞ্জন ভট্টাচার্য দেরি করেছেন বলে জানা যায়। সোমবার সকালে বিকাশরঞ্জনের মনোনয়ন নিয়ে চূড়ান্ত সুনানি হয়। সেখানে বাম শিবির অনিচ্ছাকৃত ত্রুটির যুক্তি খাড়া করলেও তা গ্রাহ্য করেনি নির্বাচন কমিশন। একযোগে এই মনোনয়নের তীব্র বিরোধিতা করে কংগ্রেস ও তৃণমূল। কমিশনের যুক্তি, বিকাশবাবু অসম্পূর্ণ মনোনয়নপত্র জমা দিয়েছেন।

শাস্ত্রী ভবনে আগুন

নয়াদিল্লি, ৩১ জুলাই : রাজ্যের অন্যতম প্রশাসনিক সদর দফতর শাস্ত্রী ভবনে সোমবার হঠাৎই আগুন লেগে যায় বলে সংবাদ সংস্থা জানিয়েছে। এই ঘটনায় দিল্লিতে আলোড়ন সৃষ্টি হয়। আগুন লাগার খবর পেয়ে দমকল বাহিনীর পাঁচটি ইঞ্জিন ছুটে যায় শাস্ত্রী ভবনে। তবে বড় কোনও ক্ষয়ক্ষতির খবর নেই। উল্লেখ্য, শাস্ত্রী ভবনে কেন্দ্রের একাধিক গুরুত্বপূর্ণ দফতরের মন্ত্রীরা বসেন। ফায়ার ব্রিগেড থেকে জানানো হয়েছে, একটি বাতানুকূল মেশিনে শর্ট সার্কিটের দরুন আগুন লেগে যায়। তবে অবস্থা নিয়ন্ত্রণে। আগুন লেগেছিল সাততলায় সকাল ৯.৪২ মিনিটে। এই ভবনেই রয়েছে তথ্য ও সম্প্রচার মন্ত্রক, মানব সম্পদ উন্নয়ন মন্ত্রক, বাণিজ্যিক বিষয়ক মন্ত্রক এবং কেমিক্যালস্ ও পেট্রো কেমিস্ট মন্ত্রক। এর আগে ২০১৪ সালে শাস্ত্রী ভবনে ওই সাততলাতেই আগুন লেগেছিল।

উত্তর কোরিয়া নিয়ে ট্রাম্প-অ্যাবে ফোনে কথা

প্রেসিডেন্ট ট্রাম্পের সঙ্গে ফোনে কথা বলার পর সাংবাদিকদের মুখোমুখি শিনজো অ্যাবে।

ওয়াশিংটন, ৩১ জুলাই : মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও জাপানের প্রধানমন্ত্রী শিনজো অ্যাবে উত্তর কোরিয়ার ক্ষেপণাস্ত্র কর্মসূচি সম্পর্কে উদ্বেগ প্রকাশ করে বলেছেন, এটি সারা বিশ্বের কাছে সরাসরি একটি মারাত্মক বিপদ। প্রেসিডেন্ট ট্রাম্প সোমবার এ ব্যাপারে জাপানের প্রধানমন্ত্রী শিনজো অ্যাবের সঙ্গে কথা বলেন। ইতিমধ্যেই উত্তর কোরিয়া ফের অন্তর্দেশীয় ব্যালিস্টিক মিসাইল ছোড়ার কথা ঘোষণা করেছে। প্রেসিডেন্ট ট্রাম্প বলেছেন, তাদের এই কর্মসূচি মার্কিন যুক্তরাষ্ট্র, জাপান, রিপাবলিকান অফ কোরিয়ার কাছে একটি বড় বিপদের কারণ। উত্তর কোরিয়ার পক্ষ থেকে কিম জং উন তাঁর দেশের এই ক্ষেপণাস্ত্র তৈরির ক্ষমতায় গর্ব প্রকাশ করে বলেছেন, তাদের ক্ষমতা রয়েছে সরাসরি মার্কিন যুক্তরাষ্ট্রে ক্ষেপণাস্ত্র আক্রমণ চালানোর। কারণ তাদের এই ক্ষেপণাস্ত্রের আওতার মধ্যে রয়েছে মার্কিন যুক্তরাষ্ট্র, নিউ ইয়র্ক, দক্ষিণ কোরিয়ার। এই বক্তব্যে প্রেসিডেন্ট ট্রাম্প যারপরনাই চিন্তিত। এরপরেই তিনি জরুরি বৈঠকে বসেন এবং মার্কিন বোমারু বিমান কোরিয়ার উপদ্বীপের উপর দিয়ে উড়ে যায়। এই ঘটনায় দু'দেশের মধ্যেই উত্তেজনা বাড়ছে। এই প্রেক্ষাপটে প্রেসিডেন্ট ট্রাম্প এবং জাপানের প্রধানমন্ত্রী শিনজো অ্যাবে উত্তর কোরিয়া সম্পর্কে ওই মতামত ব্যক্ত করেছেন। বিশেষ করে উত্তর কোরিয়া যেভাবে ক্ষেপণাস্ত্র ছোড়ার হুমকি দিচ্ছে, তা আমেরিকা ও ইউরোপের বিভিন্ন দেশের কাছে যে অত্যন্ত উদ্বেগের, সেটা বলার অপেক্ষা রাখে না।

অনুপস্থিত সরকারি কর্মীদের বেতন কাটা শুরু

দার্জিলিং, ৩১ জুলাই : পাহাড়ে পৃথক রাজ্যের দাবিতে মোর্চার ডাকা বন্‌ধকে আগেই বেআইনি ঘোষণা করেছিল রাজ্য সরকার। সরকারি কর্মচারীদের হাজিরাও বাধ্যতামূলক বলে সরকারের তরফে নির্দেশিকা জারি করা হয়েছিল। এবার বন্‌ধের মোকাবিলায় কড়া পদক্ষেপ নিয়ে শুরু হল বেতন কাটার প্রক্রিয়া। বেতন কাটা হল বন্‌ধের সময় দফতরে অনুপস্থিত থাকা পাহাড়ের সরকারি কর্মীদের।

রাখি উৎসবের প্রাক্কালে মুম্বইয়ে জমজমাট রাখির বাজার।

বিজেপি সভাপতি পদে ইস্তফা দেওয়ার কোনও প্রশ্ন নেই : অমিত শাহ

লখনউ, ৩১ জুলাই : বিজেপির সর্বভারতী সভাপতি অমিত শাহ সোমবার সাংবাদিকদের স্পষ্টভাবে জানিয়ে দিয়েছেন, পার্টির সভাপতির পদে ইস্তফা দেওয়ার কোনও প্রশ্নই নেই। কারণ তিনি অত্যন্ত নিষ্ঠার সঙ্গে ও খুশি মনে কাজ করছেন। কোনও কোনও মহল থেকে গত কয়েকদিন ধরে জল্পনা ছিল যে, অমিত শাহ রাজ্যসভায় সদস্য নির্বাচিত হলে পার্টির সভাপতি পদে ইস্তফা দেবেন। সাংবাদিকরা তাঁকে এ ব্যাপারে প্রশ্ন করলে তিনি ওই জবাব দেন। তাঁর কাছে সাংবাদিকদের প্রশ্ন ছিল, বিহারে তিনি কি কোনও দল ভাঙার কাজ করছেন? উত্তরে বিজেপি সভাপতি অমিত শাহ এই অভিযোগ অস্বীকার করেন। তিনি বলেন, বিহারের মুখ্যমন্ত্রী পদে ইস্তফা দিয়েছিলেন নীতীশ কুমার। কারণ তিনি দুর্নীতির সঙ্গে আপস করতে রাজি নন। আমরা কি তাকে জোর করে বলতে পারি যে, আপনি ওই জোটের সঙ্গে থাকুন। গত শনিবার অমিত শাহ তিনদিনের উত্তর প্রদেশে এসেছেন। এদিন তিনি সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন। তিনি সাংবাদিকদের অনুরোধ করে বলেন, আমি অত্যন্ত নিষ্ঠার সঙ্গে এবং খুশি মনেই পার্টি সভাপতির পদের কাজ চালাচ্ছি। সুতরাং আপনারা আমাকে ফেলে দেবেন না। ২০১৯ সালে লোকসভা নির্বাচনে বিজেপি ফের ক্ষমতায় আসছে কি না, এ ব্যাপারে প্রশ্ন করা হলে তিনি বলেন, দলের সম্পূর্ণ আস্থা রয়েছে এ ব্যাপারে। তাঁর দাবি, ২০১৪ সালের চেয়ে বেশি আসন পেয়ে ফের কেন্দ্রে মোদী সরকার গঠিত হবে এবং ১৩টি রাজ্যে বিজেপি সরকার হবে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে সবচেয়ে জনপ্রিয় এবং বিতর্কের ঊর্ধ্বে থাকা প্রধানমন্ত্রী হিসেবে অভিহিত করে তিনি বলেন, দেশে পরিবারতন্ত্রের রাজনীতি শেষ করতে তারা সফল হয়েছেন। একই সঙ্গে জাতপাতকে তোষণ করাও বন্ধ হবে। তিনি বলেন, আগেকার সরকার কিছু কিছু কাজের নমুনা তুলে ধরে তাদের কৃতিত্বের কথা জাহির করত। মোদী সরকার সেখানে গত তিন বছরে ৫০টি গুরুত্বপূর্ণ কর্মসূচি নিয়েছে।

একই সঙ্গে তিনি বলেন, ইউপিএ সরকারের আমলে গত দশ বছরে ১২ লক্ষ কোটি টাকার আর্থিক কেলেঙ্কারি হয়েছে। কিন্তু গত তিন বছরে তাদের আমলে এই ধরনের একটি দুর্নীতি বা আর্থিক কেলেঙ্কারি ঘটেনি। এমনকী বিরোধীরাও আমাদের দিকে আঙুল তুলতে পারবে না এ ব্যাপারে। বিজেপি সভাপতি অমিত শাহ গত বছর সংঘর্ষ বিরতি এলাকায় সার্জিক্যাল স্ট্রাইকের কথা উল্লেখ করেন। তিনি বলেন, সরকার যে নিরাপত্তা রক্ষায় দৃঢ় তা দেখিয়েছে।



লখনউয়ে সাংবাদিক সম্মেলনে বিজেপি সভাপতি অমিত শাহ।